

প্রেস বিজ্ঞপ্তি

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্পের নির্মাণাধীন আবাসিক প্রকল্প
গ্রীণসিটিতে অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ সর্বোচ্চ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হবে।

-বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান

রূপপুর (ঈশ্বরদী) পাবনা ০৩ এপ্রিল, ২০১৯;

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ইতি রানী পোদ্দার এর সভাপতিত্বে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের নির্মাণাধীন আবাসিক প্রকল্প গ্রীণসিটিতে বহুতল ভবন সমূহে অগ্নি দুর্ঘটনা প্রতিরোধে সর্বোচ্চ নিরাপত্তা ব্যবস্থায় ফায়ার সেফটি এবং ফায়ার ডিটেকশন এন্ড প্রটেকশন বিষয় একটি সভা রূপপুর (ঈশ্বরদী) অনুষ্ঠিত হয়। উক্ত সভার অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান উপস্থিত ছিলেন।

মন্ত্রী বলেন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সর্বপ্রথম রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেন। সেই ধারাবাহিকতায় জাতির জনক বঙ্গবন্ধুর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সরকার প্রকল্পটি বাস্তবায়নের জোরালো পদক্ষেপ গ্রহণ করেন। আর এটি সম্ভব হয়েছে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগ্রহ, উদ্যোগ, সাহস এবং দুরদর্শী সিদ্ধান্তের ফলে। যা আজ দৃশ্যমান।


মন্ত্রী আরো বলেন, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে নিরাপত্তার উপর সর্বোচ্চ জোর দেয়া হচ্ছে। আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার (আইএইএ) সকল সেফটি মানদণ্ড ও গাইডলাইন এবং বাংলাদেশের বিদ্যমান আইন ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। এছাড়াও রাশান ফেডারেশন, আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা, আন্তর্জাতিক, স্থানীয় ও নিজস্ব জনবলের মাধ্যমে সকল রেগুলেটরি ডকুমেন্টের কারিগরি মূল্যায়ন ও পর্যালোচনা করে বিশেষজ্ঞদের মতামত ও গ্রহণ করা হয়েছে।

মন্ত্রী আরো বলেন, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের নির্মাণাধীন আবাসিক প্রকল্প গ্রীণসিটিতে বহুতল ভবনগুলোতে অগ্নি দুর্ঘটনা প্রতিরোধে সর্বোচ্চ ও দৃষ্টান্তমূলক নিরাপত্তা ব্যবস্থায় গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। যা পরবর্তীতে অগ্নি দুর্ঘটনার প্রতিরোধে দৃষ্টান্তমূলক ও অনুকরণীয় হয়ে থাকবে। নির্মাণাধীন বহুতল ২০টি ভবনের প্রতিটিতে ২ জন করে ফায়ারম্যান নিয়োগসহ সার্বক্ষণিক ফায়ার ফাইটিং টিম গঠন এবং প্রয়োজনীয় সকল প্রকার ফায়ার ইকুইপমেন্ট রাখার ব্যবস্থা এবং প্রশিক্ষণের জন্য ফায়ার ডিফেন্স বিভাগের উপর দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এর আগে প্রকল্পটির প্রাথমিক চিকিৎসা কেন্দ্রে মাননীয় মন্ত্রী নিজে টিটেনাস ভ্যাকসিন গ্রহণ করে “টিকাদান কর্মসূচির” উদ্বোধন করেন। সেই সময় তিন শতাধিক কর্মকর্তা ও কর্মচারীকে টিকা প্রদান করা হয়।

উক্ত অনুষ্ঠানে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রকল্প পরিচালক ড. শৌকত আকবর, নিউক্লিয়ার পাওয়ার প্লান্ট কোং লিঃ এর উপদেষ্টা মনিরুল ইসলাম, ফায়ার ডিফেন্স সার্ভিসের সহকারী পরিচালক সাইফুল ইসলাম এবং রোসাটমের উর্ধ্বতন কর্মকর্তাসহ মন্ত্রণালয়াদীন সংস্থাপ্রধানগণ উপস্থিত ছিলেন।

এছাড়াও কর্মসূচির অংশ হিসেবে মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প পরিদর্শন করেন।


(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

☎ ৯৫৪ ০৩৮৭ (অঃ) / 📠 ০১৭১১-৮১৫৮৮১

E-mail: pro@most.gov.bd

royv047@gmail.com